দৈনিক খবর

তারিখ ... 15 OCT 1990 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৮ ...

118

# ঢাকা ভার্সিটি বন্ধ করা অনভিপ্রেত ঃ সিন্ডিকেট

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণাকে অনভিপ্রেত উল্লেখ করে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট তীব্র ক্ষোভ প্রকাশ করেছে। বিশ্ববিদ্যালয়ের অধীনে সকল পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে।

গতকাল রোববার সন্ধ্যায় অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক জরুরী সভায় গৃহীত প্রস্তাবে এ ক্ষোভ প্রকাশ করা হয়। উপাচার্য অধ্যাপক

শেষ পৃষ্ঠায় ৮ম কলামে

## ঢাকা ভার্সিটি

প্রথম পৃষ্ঠার পর

মনিরুজ্জামান মিয়া এতে সভাপতিত্ব করেন। প্রায় এক ঘন্টা স্থায়ী এ সভায় অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণাসহ ক্যাম্পাস পরিস্থিতি পর্যালোচনা করা হয়।

সভায় মত প্রকাশ করা হয় যে, ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট অথবা অন্ততঃপক্ষে উপাচার্যের পূর্ব অনুমতি ছাড়াই সরকারী আদেশে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা অনভিপ্রেত ও বিশ্ববিদ্যালয় আদেশের পরিপন্থী।

গত শনিবার গভীর রাতে সরকারী ঘোষণা পাবার পরে ক্যাম্পাসে সৃষ্ট পরিস্থিতি ও উপাচার্য ভবনের সামনে ছাত্রদের উপস্থিতির বিষয় উপাচার্য সিন্ডিকেটকে অবহিত করেন এবং সরকারী নির্দেশমত সকাল ৭টার মধ্যে সকল ছাত্র-ছাত্রী আবাসিক হল ত্যাগ করে বলে জানান।

এদিকে সিন্ডিকেটের সভায় সনাতন ও কোর্স পদ্ধতিতে বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা স্থগিত করার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

### উপাচার্য বলেন—

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিয়া সরকারী নির্দেশে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণাকে বিশ্ববিদ্যালয় স্বায়ত্তশাসনের লংঘন বলে অভিহিত করেছেন।

ইউএনবিকে তিনি জানান, একমাত্র বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটই পারে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার সিদ্ধান্ত নিতে।